গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-৩ শাখা

“কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন” প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটি (পিএসসি)’র ৭ম সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ২৯ ডিসেম্বর, ২০২২ |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিতকরণ পূর্বক আলোচনা শুরু করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান। অতঃপর প্রকল্প পরিচালক আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করেন।

**২। আলোচনা:**

**(ক) বিগত পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন ও অগ্রগতি পর্যালোচনা:**

“কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন” প্রকল্পের পিএসসি ৬ষ্ঠ সভা বিগত ২১ ডিসেম্বর, ২০২২ তারিখের অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সরাসরি উপস্থিত এবং অনলাইনে যুক্ত কেউ কোন আপত্তি উত্থাপন না করায় বিগত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভাপতি মহোদয়ের নির্দেশনার আলোকে পিএসসি ৬ষ্ঠ সভার কার্যবিবরণীটি সর্বসম্মাতিক্রমে অনুমোদন করা হয়। সভায় উক্ত কার্যবিবরণীর সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং এতে সন্তোষ ব্যক্ত করা হয়।

**(খ) প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্প পরিচালক বলেন- “কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ জেলা কার্যালয় স্থাপন (১ম সং)” শীর্ষক প্রকল্পটির প্রথম সংশোধনী মোতাবেক মেয়াদ আগামী ৩১-১২-২০২২ তারিখে শেষ হবে। ১ম সংশোধনী মোতাবেক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ২৪৪৫০.০০ লক্ষ টাকা। বিগত ৩০-১১-২০২২ তারিখ পর্যন্ত প্রকল্প কাজের ভৌত অগ্রগতি ২৬.৫১% এবং আর্থিক অগ্রগতি ২২৩৬.৮০ লক্ষ টাকা যা ১ম সংশোধনী অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ের ৯.১৫%। প্রকল্পের মেয়াদ সমাপ্তি তারিখ সমাগত হওয়ায় প্রকল্পের মেয়াদ আরও দুই বছর বৃদ্ধি (ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত) এবং প্রকল্পের ব্যয় ৪৯২৫.০০ লক্ষ টাকা বা ২০.১৪% বৃদ্ধি করে প্রকল্পের ২য় সংশোধনী আবশ্যক।

**(গ) গত পিআইসি সভার কার্যবিবরণীর অগ্রগতি ও সুপারিশ পর্যালোচনা:**

“কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ১৩ টি জেলা কার্যালয় স্থাপন” প্রকল্পের ২০২২-২৩ অর্থ বছরের এডিপিতে বরাদ্দ ৪৩৫০.০০ লক্ষ টাকা (রাজস্ব ৫৩০.০০ মূলধন ৩৮২০.০০)। উল্লেখ্য, ২৫% সংরক্ষণের পর ৩২৬২.৫০ লক্ষ টাকা বরাদ্দ। প্রকল্পের অব্যয়িত ২২০০.০০ লক্ষ টাকা অর্থ সমর্পণ করা হয়। সে আলোকে ২২০০.০০ লক্ষ টাকা উপযোজনপূর্বক ‘বাংলাদেশ ঝুঁকিপূর্ণ শিশুশ্রম (৪র্থ পর্যায়)’ প্রকল্পের অনুকূলে অতিরিক্ত বরাদ্দ পুন:নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে এবং পরিকল্পনা কমিশনে সে আলোকে পত্র প্রেরণ করা হয়েছে।

অতিরিক্ত সচিব (উন্নয়ন) সভায় বলেন ২০২২-২৩ অর্থবছরের আরএডিপিতে অতিরিক্ত বরাদ্দ রাখা না গেলে প্রকল্পের ২য় সংশোধনী অনুমোদনপূর্বক পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

অতঃপর বিগত ৬ষ্ঠ প্রকল্প বাস্তবায়ন কমিটির (পিআইসি) সভার কার্যবিবরণীর অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত পিআইসি সভার সকল সিদ্ধান্ত এবং সুপারিশ বাস্তবায়িত হয়েছে মর্মে সভায় প্রকল্প পরিচালক অবহিত করেন।

**৩। সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:**

ক) প্রকল্প পরিচালক প্রকল্পের ২য় সংশোধনী অনুমোদনের কাজটি তরান্বিত করার জন্য নিয়মিত পরিকল্পনা কমিশনে যোগাযোগ রক্ষা করবেন। প্রয়োজনে এ কাজে মন্ত্রণালয়ের সহযোগিতা গ্রহণ করবেন;

খ) সিলেট জেলা প্রশাসনের প্রস্তাব মোতাবেক পূর্বের জমি অধিগ্রহণের প্রস্তাব পরিবর্তন করে নতুন জমি অধিগ্রহণের প্রস্তাব প্রেরণ করতে হবে;

গ) দিনাজপুর জেলার জমির বিষয়ে জেলা প্রশাসনের আনুষ্ঠানিক উত্তর পাওয়ার নিমিত্তে প্রকল্প দপ্তর হতে পত্র প্রেরণ করতে হবে;

ঘ) পাবনা জেলার জমি অধিগ্রহণ বিষয়ে জেলা প্রশাসনে অনুষ্ঠিত শুনানী এর সিদ্ধান্ত প্রাপ্তি পর্যন্ত অপেক্ষা করতে হবে;

ঙ) প্রকল্পের কাজ সুষ্ঠু ও বিধি-বিধান অনুসরণপূর্বক বাস্তবায়নের জন্য জরুরী ভিত্তিতে ডিপিপি অনুসরণে একজন সহকারী প্রকল্প পরিচালক পদায়ন করতে হবে;

চ) ভূমি অধিগ্রহণের বিষয়টি তরান্বিত করার জন্য অধিকতর প্রচেষ্টা গ্রহণ করতে হবে;

ছ) অর্থ মন্ত্রণালয়ের বাজেট পরিপত্র অনুসরণে জরুরী ভিত্তিতে চলতি অর্থ বছরের (২০২২-২৩) সংশোধিত উন্নয়ন বাজেট বরাদ্দ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক।

৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় অংশগ্রহণকারী সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৮.১৪.০০২.২১.১

তারিখ: ১৭ পৌষ ১৪২৯
০১ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৫) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৬) যুগ্মপ্রধান , এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

৭) যুগ্ম সচিব, বাজেট-৪ অধিশাখা, অর্থ বিভাগ

৮) প্রকল্প পরিচালক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তশালীকরণ এবং ১৩টি জেলা কার্যালয় স্থাপন, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর


৯) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১০) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১১) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১২) তত্বাবধায়ক প্রকৌশলী, পেকু সার্কেল, গণপূর্ত অধিদপ্তর

১৩) নির্বাহী স্থপতি , বিভাগ-৬, স্থাপত্য অধিদপ্তর



এস.এইচ.এম. মাগফুরুল হাসান আব্বাসী
সিনিয়র সহকারী সচিব